## ST. LAWRENCE HIGH SCHOOL

(A Jesuit Christian Minority Institution)

2nd Terminal Examination – 2018

Class: 4A & C

Sub: Bengali Text

Duration: 1hr. 30 min.

F.M.: 54

Date: 01.08.18

**'ক' বিভাগ**

১। অর্থ লেখ :- (১x ৪=৪)

পাশরি, সুষমা, বাঞ্ছা, বোনে

২। বিপরীত শব্দ লেখ :- (১x ৪=৪)

হতভাগ্য, উচিত, চঞ্চল, অতীত

৩। একটি বাক্যে উত্তর লেখ। (১x ৪=৪)

ক) বাংলাদেশের কোন্ পাখি বারি যাচে?

খ) ফুলের কলি কখন আঁখি মেলে?

গ) লেখক তখনকার সময়ে কী বই পড়তেন?

ঘ) কবি বিশ্বের কী ভালোবাসেন?

**'খ' বিভাগ**

সংক্ষিপ্ত উত্তর দাও।

৪। 'চরণধুলি' কথার অর্থ কী? কাদের চরণধুলি এই বাংলাদেশে ছড়িয়ে আছে? এই দেশের গৌরবের কথা শুনলে আমাদের কি হয়? (১+১+১=

৫। 'ভালোবাসি' কবিতায় কে কোথায় বাঁশরি বাজায়? তার বাঁশরি কবির ভালো লাগে কেন? (১+২=

৬। সেকালে কলকাতায় কী ধরনের আলো জ্বলত ও লোকেরা কীভাবে খাবার জল পেত? (১+২=

৭। 'শেষকালে পুকুরের জল ঘনিয়ে এল' – কি ভাবে কাল ঘনিয়ে এল লেখ। (৩)

৮। বাল্যকাল থেকেই সকলের পরিশ্রমী হওয়ার শিক্ষা গ্রহণ করা উচিত কেন? (৩)

৯। ক) সেকালের বাবুরা কিভাবে আপিসে যেতেন ? (৩)

**'গ' বিভাগ – ২৪**

১০। ক) 'সবুজ ছায়া ভরা আয়না' – বলতে লেখক কী বুঝিয়েছেন ? লেখ । ৫

খ) ব্যাখ্যা লেখ : ৫

"ভালোবাসি নীলিমায়
চাঁদনির লেখাটি
ভালোবাসি বসুধায়
সবুজের রেখাটি"

গ) সংসার পালনের সঙ্গে অর্থ এবং পরিশ্রম কীভাবে জড়িত ? ৫

ঘ) লেখকের পড়াশোনা কীরকম হত আলোচনা কর । ৫

ঙ) " ভালোবাসি বিশ্বের  ১+২+১=৪

সুষমার ছবিটি

ভালোবাসি দৃশ্যের

অতীত যে কবিটি "

কোন কবিতা থেকে নেওয়া হয়েছে ? সুষমা বলতে কবি কী বুঝিয়েছেন ?

দৃশ্যের অতীত কে ?

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx



(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

# ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
**Second Term Test -2018**
**Class:4 A &C**

**Subject: Bengali Text** **F.M.:54**
**Duration: 1hr 30 mins.** **Date: 1st August 2018**

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

Model Answer

## ক বিভাগ -১২

১. অর্থ লেখঃ ৪

| শব্দ | অর্থ |
|---|---|
| পাশরি | ভুলে গিয়ে |
| সুষমা | সৌন্দর্য |
| বাঞ্ছা | ইচ্ছা |
| বোনে | বানায়/ তৈরি করে |

২. বিপরীত অর্থঃ ৪

| | |
|---|---|
| হতভাগ্য | সৌভাগ্য |
| উচিত | অনুচিত |
| চঞ্চল | স্থির |
| অতীত | বর্তমান |

৩.একটি বাক্যেউত্তরঃ ৪

ক। বাংলা দেশের চাতক পাখি বারি যাচে।

খ। ভোর হবার সঙ্গে সঙ্গে ফুলের কলি আঁখি মেলে।

গ। লেখক তখনকার সময়ে প্যারী সরকারের ফাস্ট বুক পড়তেন।

ঘ। কবি বিশ্বের সৌন্দর্যকে ভালোবাসেন।

## খ বিভাগ -১৮

৪. চরণ ধূলি কথার অর্থ পায়ের ধুলো।

আমাদের পিতৃ পুরুষের চরণ ধূলি এই বাংলা দেশে ছড়িয়ে আছে।

এই দেশের গৌরবের কথা শুনলে গর্বে আমাদের বুক ভরে ওঠে। ১+১+১=৩

৫. 'ভালোবাসি' কবিতায় রাখাল গাছের তলায় বাঁশি বাজায়।

তার বাঁশির করুণ সুর মনকে ছুঁয়ে যায় তাই কবির, তার বাঁশরি খুব ভালো লাগে।
১+২=৩

৬. সেকেলে কলকাতায় রেড়ির তেলের আলো জ্বলত।

তখন কলকাতায় জলের কল বসেনি। তাই লোকেরা সারা বছরের খাবার জল, মাঘ ফাগুণ মাসে গঙ্গার থেকে তুলে রাখত। ১+২=৩

৭. পাড়াগাঁয়ের সবুজ ছায়া পড়া আয়না তথা পুকুরটিতে যখন গাড়ি গাড়ি রাবিশ এসে পড়ল তখন পুকুরটি বুজে গেল। এই ভাবেই পুকুরটির কাল ঘনিয়ে এল।

৩

৮. বাল্যকাল থেকে সকলের পরি শ্রমী হওয়ার শিক্ষা গ্রহণ করলে বড়ো হয়ে অনায়াসে সকলকাজ করতে পারবে। অন্নবস্ত্রের কষ্ট হবেনা, এবং বৃদ্ধ পিতামাতার প্রতি পালন করতে ও সমর্থ হবে। ৩

৯. সেকেলের লোকেদের কাজের এত হাঁসফাঁসানি ছিল না। রয়ে বসে দিন চলত। বাবুরা আপিসে যেতেন, কষে তামাক টেনে, পান চিবোতে চিবোতে, কেউবা পালকি চড়ে, কেউবা ভাগের গাড়ি চড়ে। ৩

## গ বিভাগ -২৪

১০. ক। 'সবুজ ছায়া পড়া আয়না' – লেখকের বাড়িতে অনেক গাছ পালা ছিল তার সঙ্গে একটি পুকুর ও ছিল। সেই সব গাছ পালার ছায়া পুকুরের জলে পড়ে পুকুরটা সবুজ হয়ে থাকত। লেখক এই অবস্থা বোঝাতে সবুজ ছায়া পড়া আয়না – এই বাক্যটির প্রয়োগ করেছেন। ৫

খ। ব্যাখ্যাঃ- 'ভালোবাসি নীলিমায় -------- রেখাটি'

আলোচ্য অংশটি তমাললতা বসুর ভালোবাসি কবিতা থেকে নেওয়া হয়েছে। কবি এখানে ভালো বাসার একটি সুন্দর রূপ, একটি সুন্দর রেখার কথা বলেছেন।

সৃষ্টিকর্তার তৈরী এই বিশ্বব্রহ্মাণ্ড কতই না সুন্দর। পরিষ্কার মেঘমুক্ত নীল আকাশে চাঁদের জ্যোৎস্নার চমৎকার রূপে কবি মোহিত। তার সঙ্গে এই বিশ্বের সবুজ গাছপালার আকর্ষন এক অপরূপ সৌন্দর্য। তিনি তার সব ভালোবাসার অনুভূতি দিয়ে চারদিকের সৌন্দর্যকে তুলে ধরেছেন। ৫

গ। অর্থ না হলে সংসার যাত্রা সম্পন্ন হয়না কারণ অন্ন, বস্ত্র, গৃহ প্রভতি সকল বস্তুই অর্থ সাধ্য আর যদি পরিশ্রম না করা হয় তাহলে যে সকল আহার সামগ্রী প্রস্তুত আছে তা কিছুদিনের মধ্যে ফুরিয়ে যাবে। সকল বস্ত্র ধীরে ধীরে ছিঁড়ে যাবে এবং যে সকল বস্তু আছে তাও একদিন শেষ হয়ে যাবে। তাই সংসার পালনের সঙ্গে অর্থ এবং পরিশ্রম ওতপ্রোত ভাবে জড়িত। ৫

ঘ। লেখক সন্ধ্যা বেলায় বেড়ির তেলের আলোয় পড়তে বসতেন। মাষ্টার মশাই মিটমিটে আলোয় তাকে পড়াতেন প্যারীসরকারের ফাস্ট বুক। পড়তে বসে প্রথমে তার হাই উঠত, তারপর ঘুম আসত, তারপর চলত চোখ রগড়ানি। রাত্রি নটা বাজালে ঘুমের ঘোরে ঢুলুঢুলু চোখে ছুটি পেতেন।

৫

ঙ। 'ভালোবাসি নীলিমায় -------- রেখাটি'

আলোচ্য অংশটি ভালোবাসি কবিতা থেকে নেওয়া হয়েছে।

সুষমা বলতে কবি তমাললতা বসু এই বিশ্বপ্রকৃতির সৌন্দর্যকে বুঝিয়েছেন।

দৃশ্যের অতীত হলো এই বিশ্বপ্রকৃতির সৃষ্টিকর্তা। ১+২+১=৪

XXX